

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২২/২০১৫- ৪৮৪

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩
২৯ আগস্ট ২০১৬

আদেশ

যেহেতু, জনাব দিলীপ কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব নেছার আহমদ, উপ-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের জবাব ও মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সার্বিক বিবেচনায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, জনাব দিলীপ কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
২৯/০৮/২০১৬
(মোঃ হাম্মান খালিদ)
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২৩/২০১৫- ৪৮৪

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩
২৯ আগস্ট ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
- ৭। জনাব দিলীপ কুমার বণিক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
- ৮। অফিস কপি।


(সরদার মোঃ কেরামত আলী)
উপ-সচিব (তঃ ও শৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১